দৈনিক বাংলা

তারিখ ... 16 MAR 1995
পৃষ্ঠা ৫ কলাম ৮

69

## ঢাকা ভার্সিটিতে প্রিলিমিনারীতে ভর্তি

পত্রপত্রিকার খবরে প্রকাশ, এবার ঢাকা ভার্সিটির্তে মার্চের শেষে প্রিলিমিনারীতে ভর্তি পরীক্ষা হবে। ঘোষণা দেয়া হবে মার্চের প্রথমদিকে। অথচ এবার আমরা যারা শেষবারের মত ঢাকা ভার্সিটির অধীনে ডিগ্রী (পাস) পরীক্ষা দিলাম (৯৩ সনের, অনুষ্ঠিত ৯৪ অক্টোবর) তাদের রেজাল্ট এখনও প্রকাশ করা হয়নি। নানাবিধ সমস্যার কারণে আমরা যারা ১৯৯২-এর পরীক্ষায় ভাল রেজাল্ট করতে পারিনি তারা আবার '৯৩ এর পরীক্ষা দেই। জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ, ঢাকা কলেজ, তিতুমীর কলেজ প্রভৃতি কলেজে প্রিলিমিনারীতে ভর্তি পরীক্ষা (জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে) ইতিমধ্যে হয়ে গেছে। এখন যদি আমরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে ডিগ্রী পরীক্ষা দিয়ে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে প্রিলি-ভর্তি পরীক্ষায় অবতীর্ণ হতে না পারি তবে তা খুবই দুঃখজনক হবে। কেননা তাহলে আমাদের ভর্তির জন্য আরো এক বছর অপেক্ষা করতে হবে।

তাই বিশ্ববিদ্যাল কর্তৃপক্ষের কাছে বিনীত অনুরোধ; তারা যেন '৯৩ (পাস) পরীক্ষার রেজাল্ট শীঘ্র প্রকাশ করে আমাদের ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রিলিমিনারী ভর্তি পরীক্ষায় অবতীর্ণ হওয়ার সুযোগ দান করেন।

হারুন
২৬৫ শহীদনগর
লালবাগ, ঢাকা-১২১১।